



নর্থ সাউথ ইউনিভার্সিটির ১৭টি বিভাগে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য মেধাভিত্তিক শতভাগ বৃত্তিপ্রাপ্তদের গতকাল ওরিয়েন্টেশন শেষে ফটোসেশন। বিজ্ঞপ্তি



এনএসইউ স্প্রিং সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটি স্প্রিং সেমিস্টার ২০২৪ ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করেছে। ইউনিভার্সিটির চারটি স্কুলের ১৭টি বিভাগে স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ২৩ জনকে গতকাল শনিবার মেধাভিত্তিক শতভাগ বৃত্তি দেয়া হয়। নবীন শিক্ষার্থীদের জন্য এই সেমিস্টারভিত্তিক ওরিয়েন্টেশন প্রোগ্রাম উল্লেখযোগ্য একটি ইভেন্ট। এর মূল লক্ষ্য বিশ্ববিদ্যালয়ের সংস্কৃতি এবং একাডেমিক পদ্ধতির সঙ্গে শিক্ষার্থীদের পরিচিত করা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ওয়ার্ল্ড ব্যাংকের ডাইস প্রেসিডেন্ট ড. জুনাইদ কামাল আহমাদ, বিশেষ অতিথি এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস ইয়াসমিন কামাল এবং ওরিয়েন্টেশন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রথম আলোর ব্যবস্থাপনা সম্পাদক আনিসুল হক। সেমিনারে সভাপতিত্ব করেন এনএসইউ উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম।

পবিত্র কুরআন তেলাওয়াত ও জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়, এরপর এনএসইউর ইতিহাস, ঐতিহ্য, লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। বিজ্ঞপ্তি